জুলাই/২০১৯ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
জেলাঃ রাজশাহী

সভাপতি : মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রাজশাহী
তারিখ : ২১/০৭/২০১৯ খ্রি.
সময় : বেলা ১২.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, চলতি জুলাই/১৯ মাসের রাজশাহী জেলায় ৪৫৩৭ মেঃটন ইউরিয়া, ৯৬৭ মেঃটন টিএসপি, ১৭৩৮ মেঃটন এমওপি এবং ২১৬৪ মেঃটন ডিএপি সার বরাদ্দ পাওয়া গেছে। অদ্য পর্যন্ত জেলায় বিসিআইসি সার ডিলার ও খুচরা সার বিক্রেতাদের নিকট ইউরিয়া মজুদ ২২১৮ মেঃটন, উত্তোলনযোগ্য ইউরিয়া সারের পরিমাণ ২৩৬০ মেঃটন; টিএসপি সারের মজুদ ৯৮২ মেঃটন, উত্তোলনযোগ্য টিএসপি সারের পরিমাণ ৭৯৬ মেঃটন; এমওপি সারের মজুদ ১৪৪০ মেঃটন, উত্তোলনযোগ্য এমওপি সারের পরিমাণ ১৬০২ মেঃটন এবং ডিএপি সারের মজুদ ১৬১৮ মেঃটন ও উত্তোলনযোগ্য ডিএপি সারের পরিমাণ ২০২৫ মেঃটন। অদ্য রাজশাহী বাফার গুদামে মজুদ আছে ১১৮৩৭ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ২৭২০ মেঃটন, এমওপি ১৫০২ মেঃটন এবং ডিএপি ৩০০০ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ৮০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ১২৫০/- টাকা দরে বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৪৭৭ মেঃটন, টিএসপি ৭৯৭ মেঃটন, এমওপি ১৫০০ মেঃটন এবং ডিএপি ১৫০২ মেঃটন। তিনি আরও বলেন বিগত ২০১৮-১৯ অর্থ বিসিআইসি ও বিএডিসির'র সার ডিলারগণের বাৎসরিক পারফরমেন্স প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সকল সার ডিলারগণ-কে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা -৩: মেসার্স রকমারী ট্রেডার্স, বিএডিসি সার ডিলারের মালিকানা পরিবর্তন প্রসঙ্গে।

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জানান, গত ১০/০৯/২০১৮ তারিখে তানোর উপজেলার বিএডিসি'র সার ডিলার মেসার্স রকমারী ট্রেডার্স এর মালিক জনাব মোঃ আব্দুস সালাম শেখ মৃত্যুবরণ করায় তার নামীয়(বিএডিসি'র) ডিলারশীপ যাহার লাইসেন্স নং ০৪৫ ও ০৩০৫, তারিখ ১৩/১০/১৯৯৪ইং এর মালিকানা তাঁর সন্তান মোঃ শাহাদত হোসেন মিঠুর নামে পরিবর্তনের জন্য তাহার পরিবারের পক্ষ থেকে আবেদনপত্র সহ প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছেন। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির, তানোর , রাজশাহী গত ১৫/০৭/২০১৯ তারিখের সভায় আলোচনা পূর্বক সুপারিশসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটির বরাবরে প্রেরণ করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : বিএডিসি'র সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি এবং শর্তাবলী ২০১০ এর ২৩নং ধারা মোতাবেক উত্তরাধিকারের ভিত্তিতে মালিকানা হস্তান্তরের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহ যুগ্ম-পরিচালক(সার), বিএডিসি, রাজশাহী বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচনা -৪ বিএডিসি'র বীজ ।

উপ-পরিচালক(বীজ বিপণন), বিএডিসি, রাজশাহী বলেন আমন মৌসুমের জন্য বিভিন্ন জাতের ১২৯.৫ মেঃটন ধান বীজ পাওয়া গেছে। যা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে এ সকল বীজ বিক্রয় করা হবে। ইতিমধ্যে ডিলারওয়ারী উপজেলা ভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়েছে। আমন ধান বীজ বিক্রয় মূল্য ব্রি-৩৪ জাতের ভিত্তি বীজ ডিলার পর্যায়ে ৫৫/-, চাষী পর্যায়ে ৬৫/-, মান ঘোষিত বীজ ডিলার পর্যায়ে ৫২/-, চাষী পর্যায়ে ৬০/-, বিআর ২২,২৩, ব্রি-৪৯, ৫১, ৭৫, বিনাশাইল ও নাইজারশাইল বিক্রয়মূল্য ভিত্তি বীজ ডিলার পর্যায়ে ৩৮/-, চাষী পর্যায়ে ৪৫/-, মানঘোষিত বীজ ডিলার পর্যায়ে ৩৩/-, চাষী পর্যায়ে ৩৮.৫০ টাকা এবং অন্যান্য সকল জাতের ভিত্তি বীজ ডিলার পর্যায়ে ৩৮/-, চাষী পর্যায়ে ৪৫/- এবং মানঘোষিত বীজ ডিলার পর্যায়ে ৩২/-, চাষী পর্যায়ে ৩৭.৫০ টাকা। সকল বীজ বিক্রির জন্য তিনি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : বিএডিসি'র বীজ ডিলারগণকে সময়মত বীজ উত্তোলন করে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে বীজের আগমনি বার্তা প্রদান করবেন ও সমুদয় বীজ বিক্রয়ের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২.৭.২০১৭

মো. হামিদুল হক
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০৭২১-৭৭২০৫০(অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী

স্মারক নং ১২.১৭.৮১০০.০৪১.৪০.৭১৪.১২-১৪৭০(৫৫) তারিখঃ ৩১/০৮/২০১৭ খ্রি:

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৫.
..................(কমিটির সকল সদস্য)
....
....

৩১.৮.১৭

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০৭২১-৭৬১৫০৩